

# টঙ্গীতে শিক্ষার্থীদের সড়ক অবরোধ ॥ আহত ২০



টঙ্গী : ছয় শিক্ষকের অপসারণ দাবিতে সড়ক অবরোধ

-জনকণ্ঠ

নিজস্ব সংবাদদাতা, টঙ্গী, ২৭ এপ্রিল । টঙ্গীতে আশরাফ টেক্সটাইল মিলস্ উচ্চ বিদ্যালয়ের ৬ শিক্ষকের অপসারণ করার প্রতিবাদে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে শিক্ষার্থীরা। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় বিদ্যালয়ের কয়েক শ' শিক্ষার্থী মানববন্ধন ও মহাসড়ক অবরোধ কর্মসূচী পালন করে। এ সময় মহাসড়কের

দু'পাশে তীব্র যানজট সৃষ্টি হয়। এতে ভোগান্তিতে পড়েন শত শত পথচারী ও যাত্রীসাধারণ। পরে দুপুর ১২টার দিকে পুলিশ শিক্ষার্থীদের মহাসড়ক থেকে সরিয়ে দিতে তাদের বেধড়ক লাঠিপেটা করে। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিদ্যালয়ের আসবাবপত্র ভাঙচুর করে। এ সময় পুলিশের লাঠিচার্জ ও ছড়োহড়িতে ৪ শিক্ষকসহ ২০ শিক্ষার্থী আহত হয়।

গুরুতর আহত অবস্থায় সীমান্ত, সানি আহমেদ, প্রীতি আক্তার, সবুজ মিয়া, সজিব আহমেদ, সাদিয়া আক্তার ও জুবায়ের হোসেনকে টঙ্গী সরকারী হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের বিভিন্ন প্রাইভেট ক্লিনিকে পাঠানো হয়েছে। শিক্ষার্থীরা জানায়, আশরাফ টেক্সটাইল উচ্চ বিদ্যালয়ের ছয় শিক্ষক হারুন-অর-রশিদ, আবু

বকর সিদ্দিক, এনামুল হক রাজা, মজনু সরকার, দুলাল উদ্দিন ভূঁইয়া ও ফাহিমা আক্তারকে সম্প্রতি অপসারণ করে বিদ্যালয় পরিচালনা কমিটি। শিক্ষার্থীদের অভিযোগ, প্রধান শিক্ষক নিজে দুর্নীতিগ্রস্ত। তিনি এসএসসি পরীক্ষার সময় শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি নিয়েছেন। এর প্রতিবাদ করায় ওই ছয় শিক্ষককে অপসারণ করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে শিক্ষার্থীদের মহাসড়ক থেকে সরিয়ে দেয়ার চেষ্টা করে। কিন্তু শিক্ষার্থীরা তাদের দাবি না মানা পর্যন্ত অবরোধ চালিয়ে যাওয়ার সিদ্ধান্তে অনড় থাকে। পরে পুলিশ শিক্ষার্থীদের ওপর বেধড়ক লাঠিচার্জ করে। এতে প্রধান শিক্ষকসহ ২০ শিক্ষার্থী আহত হয়। টঙ্গী মডেল থানার অফিসার ইনচার্জ ফিরোজ তালুকদার জানান, ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অপসারণ ও ছয় শিক্ষককে পুনর্বহালের দাবিতে শিক্ষার্থীরা মহাসড়ক অবরোধ করে। পরে দুপুর ১২টার দিকে ধাওয়া দিয়ে শিক্ষার্থীদের মহাসড়ক থেকে সরিয়ে দিলে মহাসড়কে যানবাহন চলাচল স্বাভাবিক হয়।